# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম খুতবা প্রদান কালীন সময়ে কোন ব্যক্তি মসজিদে প্রবেশ করলে, তার প্রতি নির্দেশ হলো তিনি দুই রাকাত সালাত আদায় করবেন

ذِكْرُ الْأَمْرِ للدَّاخل الْمَسْجِدَ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ أَنْ يَرْكَعَ رَكْعَتَيْنِ

আরবী

2491 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ رُشَيْدٍ حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ : عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَا: دَخَلَ سُلَيْكٌ الْغَطَفَانِيُّ الْمَسْجِدَ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يخطُبُ ـ فَأَمَرَهُ أَنْ يُصَلِّيَ رَكْعَتَيْنِ.
الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2491 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1022): م ـ جابر.
تَفَرَّدَ بِهِ حَفْصُ بْنُ غِيَاثٍ وَهُوَ قَاضِي الْكُوفَةِ؛ قَالَهُ الشَّيْخُ.

বাংলা

২৪৯১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুতবা দিচ্ছিলেন এমন অবস্থায় সুলাইক আল গাতফানী রাদ্বিয়াল্লাহু আনহু মাসজিদে প্রবেশ করেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে দুই রাকা‘আত সালাত আদায় করার নির্দেশ দেন।”[1]

এই হাদীসটি হাফস বিন গিয়াস এককভাবে বর্ণনা করেছেন। তিনি কুফার একজন কাজী। এটি আমার উস্তাদ বলেছেন।”

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১০৫; ইবনু মাজাহ: ১১১৪; আবূ দাউদ: ১১১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১১০; তাহাবী: ১/৩৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন